

পুজোর আগেই নামবে কলকাতার রাস্তায়

যাত্রী স্বাচ্ছন্দ্যে ২০০টি এসি সিএনজি বাস

স্টাফ রিপোর্টার: পুজোর আগেই শহরে নামতে চলেছে নতুন সিএনজি এসি বাস। ধাপে ধাপে মোট ২০০টি বাস নামানো হবে। রাজ্য সরকার মোট ১২৫ কোটি টাকা ব্যয়ে এই বাসগুলো নামাবে বলে ঠিক হয়েছে। ডিলাক্স, সেমি ডিলাক্স এবং মিডি—এই তিন ধরনের বাস নামতে চলেছে। জানানো হয়েছে, এর ভাড়া হবে সাধারণ এসি বাসের মতোই। ৫০টি সিএনজি স্ট্যান্ডার্ড ডিলাক্স এসি, ১২০টি সেমি ডিলাক্স এবং ৩০টি মিডি এসি বাস নামানো হচ্ছে। ইতিমধ্যেই এবিষয়ে অর্থ বরাদ্দ করেছে নবান্ন। পরিবহণ দপ্তরসূত্রে খবর, পুজোর আগেই অন্তত ৫০টির বেশি এই সিএনজি এসি বাস নামানোর চেষ্টা চালানো হচ্ছে। ছোট বাসগুলো হবে ৩২ সিটের। আর বড় বাসগুলো ৪২ সিটের। রাস্তায় বাসের অভাবে স্টপেজে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়, যাত্রীদের এই অভিযোগ নতুন নয়। নতুন এই বাসগুলো এলে যাত্রীদের অনেকটাই সুবিধা হবে বলে মনে করা হচ্ছে।

পরিবহণ দপ্তরসূত্রে খবর, রাস্তায় চলা এসি বাসগুলো ক্রমশ 'বৃদ্ধ' হচ্ছে। নিত্যদিন নানা সমস্যা লেগেই থাকে। ভলভো ছাড়া অন্যান্য এসি বাসে ভালো করে ঠান্ডাও হয় না। সবথেকে খারাপ অবস্থা বৈদ্যুতিক এসি বাসগুলোর। এসির ভাড়া কেটেও গরমে ঘামতে হয় বলে অভিযোগ যাত্রীদের। নতুন বাস এসে গেলে এই সমস্যাগুলো অনেকটাই মিটবে বলে মনে করা হচ্ছে।

পরিবহণ দপ্তরের এক কর্তার কথায়, নতুন এই বাসগুলো সবই সিএনজি। অর্থাৎ পরিবেশবান্ধব। ফলে দূষণও কমবে শহরে। সব বাসই কলকাতার মধ্যেই চলবে বলে জানা গিয়েছে। তবে ২০০ বাস নামার আগে পর্যাপ্ত সিএনজি-

■ পুজোর আগেই
অন্তত ৫০টির বেশি
এই সিএনজি এসি
বাস নামানোর চেষ্টা
চালানো হচ্ছে।

র জোগানের ব্যবস্থাও যে করতে হবে, সেদিকটি নিয়েও পর্যালোচনা চালাচ্ছেন দপ্তরের কর্তারা। পরিবহণ দপ্তর সূত্রে খবর, এই বাসগুলো চলে এলে রাস্তায় বাসের সংখ্যা অনেকটাই বাড়বে। যাত্রী হয়রানিও কমবে।

মাস চারেক আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নবান্নে প্রশাসনিক বৈঠকে পরিবহণ দপ্তর নিয়ে উদ্ঘাটন করেছিলেন। রাস্তায় যাত্রী হয়রানি কমাতে বাসের সংখ্যা বাড়ানোর কথা বলেন। যাত্রীদের সঙ্গে কথা বলে তাঁদের চাহিদা অভাব-অভিযোগ শুনতে বলেন পরিবহণমন্ত্রীকে। তারমধ্যেই রাজ্য সরকারের তরফে এই ২০০ এসি বাস কেনার তোড়জোড়। মাস দুয়েকের মধ্যে এই বাসগুলো নেমে গেলে পুজোর সময় মানুষের বাস পেতে আরও সুবিধা হবে।